

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নং- ০৪.০০.০০০০.৫১২.০৬.০০৪.১৫-৪১৬

তারিখ: ১৩ কার্তিক ১৪২২
২৮ অক্টোবর ২০১৫


বিষয়: সামাজিক যোগাযোগ মাধ্যমে দায়িত্বশীলতার পরিচয় প্রদান সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় শাখার স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.০৩.০০২.২০১৫-৪১৪
তারিখ: ১৯.১০.১৫

অক্টোবর ২০১৫ মাসে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনার সমন্বয় সভায় সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত জনৈক কর্মকর্তা কর্তৃক পোস্ট করা একটি ছবির বিষয়ে আলোচনা হয়। ছবিটি তাঁর পেশাগত অবস্থানের সঙ্গে আদৌ সঙ্গতিপূর্ণ নয়। বিষয়টি নিয়ে বিভিন্ন পর্যায়ে সমালোচনার আশঙ্কা রয়েছে। তথ্যপ্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যম মানুষের মতপ্রকাশের ক্ষেত্রে অব্যাহত সুযোগ সৃষ্টি করেছে। কিন্তু কোন সরকারি কর্মকর্তার অবাধে ও কর্মের সঙ্গে সামঞ্জস্যহীনভাবে যথেষ্ট আচরণ করার সুযোগ নাই। এ জন্য, যে কোন কর্মকর্তার নিকট থেকে তথ্যপ্রযুক্তির দায়িত্বশীল ব্যবহার কাম্য। এ পরিপ্রেক্ষিতে উল্লিখিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

“মাঠ পর্যায়ের কোন কোন কর্মকর্তা ফেসবুকে একান্ত ব্যক্তিগত এবং কর্মের সঙ্গে সঙ্গতিহীন বিষয় শেয়ার করছেন। প্রশাসনের ভাবমূর্তির সঙ্গে এসব বিষয় সামঞ্জস্যপূর্ণ নয়। উদ্ভাবনমূলক, সরকারি কাজের ইতিবাচক দিক যা অন্যকে উদ্বুদ্ধ করবে এমন বিষয় ফেসবুকে শেয়ার করার জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা আবশ্যিক।”

২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুসরণ করতে তাঁর অধিক্ষেত্রের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।


(মঈনউল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৪৪৭

ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

১। বিভাগীয় কমিশনার

------(সকল)।

২। জেলা প্রশাসক

------(সকল)।

অনুলিপি:

উপজেলা নির্বাহী অফিসার, -----(সকল)।